

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অধিশাখা-১৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০১.২০১১.(খঙ-১).৪৯৮

তারিখ: ০৮/১০/২০১৭ খ্রি:

বিষয় : রংপুর জেলার পীরগঞ্জ হলদিবাড়ী মডেল হাই স্কুলের সহকারী শিক্ষক (গণিত) এর বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে বেতন কোড পরিবর্তনের সাথে জড়িত থাকায় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২১.২০১৬/১০৬২৮

তারিখ: ৩১/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয়সূত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র উল্লেখ করা হয়েছে যে, জনাব মো: এনামুল হক, সহকারী শিক্ষক (গণিত) হলদিবাড়ী মডেল হাই স্কুল মার্চ-মে/২০১৫ মাসের এম.পি.ও তে ৩২৫ জন বিধি বহির্ভূতভাবে বেতন কোড পরিবর্তনকারীর সাথে জড়িত ছিলেন। তিনি তার বেতন কোড পরিবর্তন করেন এবং প্রতিষ্ঠানের অন্য দুজন শিক্ষক অবৈধভাবে বেতন কোড পরিবর্তনে সহায়তা করেন। বিধি বহির্ভূতভাবে বেতন কোড পরিবর্তন সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তদন্ত কমিটির নিকট ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হওয়ার জন্য তাকে ০৩ বার পত্র প্রেরণ করা হলেও তিনি উপস্থিত হননি।

০২. উল্লেখ্য, অবৈধভাবে নিজের ও অন্য দুজন শিক্ষকের বেতন কোড পরিবর্তনে সহায়তা করায় এবং কর্তৃপক্ষের আদেশ অমান্য করায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে কেন তার বেতন ভাতাদিও সরকারি অংশ বন্ধ করা হবে না সে কারণ দর্শানো হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র উল্লেখ করা হয়েছে যে, জনাব মো: এনামুল হক ১৮.০৫.২০১৬ তারিখে কারণ দর্শানোর নোটিশ গ্রহণ করেছেন। তিনি জবাব প্রদান করেননি।


০৩. এমতাবস্থায়, নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(১) সরকারের অর্থ জালিয়াতি করে বিধি বহির্ভূতভাবে উচ্চতর বেতন কোড গ্রহণের বিষয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের তদন্তে প্রমাণিত হওয়ায় জনবল কাঠামো নির্দেশিকার ১৮ (১) (ঘ) অনুযায়ী রংপুর জেলার পীরগঞ্জ হলদিবাড়ী মডেল হাই স্কুলের সহকারী শিক্ষক (গণিত) জনাব মো: এনামুল হক এর বেতন ভাতার সরকারী অংশ সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে কারণ দর্শানো ;

(২) সহকারী শিক্ষক (গণিত) জনাব মো: এনামুল হক কর্তৃক এ যাবত উচ্চতর কোড বাবদ গৃহীত অর্থ চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে;

(৩) প্রয়োজনে PDR Act, 1913 এ মামলা দায়ের করতে হবে।

সংযুক্তি : তদন্ত প্রতিবেদনের অনুলিপি।

  
(নুসরাত জাবীন বানু)  
উপসচিব  
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা বিভাগ, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।